দৈনিক বাংলা

তারিখ 16 APR 1993
পৃষ্ঠা 7 কলাম 4

62

16

# ক্যাম্পাসে ফাঁকা গুলি ঃ নববর্ষের অনুষ্ঠান বিঘ্নিত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ গত বুধবার বিকালে একদল যুবক ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে রোকেয়া হলের কোনায় দশ-বার রাউন্ড ফাঁকা গুলিবর্ষণ করে। এসময় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পয়লা বৈশাখের অনুষ্ঠানমালায় আসা হাজার হাজার মানুষ সন্ত্রস্ত অবস্থায় ছুটাছুটি করতে থাকে এবং টিএসসি এলাকার অনুষ্ঠানসমূহ কিছুক্ষণের জন্য বন্ধ হয়ে যায়। অস্ত্রধারী যুবকরা মন্টু সমর্থিত ছাত্রলীগ (মি-ল)-এর কর্মী বলে

(৭-এর পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাসে ফাঁকা গুলি

(প্রথম পাতার পর)

প্রত্যক্ষদর্শীরা জানান।

### নিন্দা

বিপ্লবী ছাত্র মঞ্চের কেন্দ্রীয় আহবায়ক কে এম বাকিউল্লাহ শামীম ও যুগ্ম আহ্বায়ক গোলাম মোস্তফা পিটু গত বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সংঘটিত সন্ত্রাসী ঘটনার নিন্দা জানান। বিবৃতিতে তাঁরা বলেন, ১লা বৈশাখ পুলিশের সামনেই একদল চিহ্নিত সন্ত্রাসী যুবন কাটা রাইফেলের গুলিবর্ষণের মাধ্যমে নববর্ষ অনুষ্ঠান বিঘ্নিত করে। কিন্তু পুলিশ তাদের বিরুদ্ধে কোনরকম ব্যবস্থা নেয়নি। বিবৃতিতে নেতৃদ্বয় অবিলম্বে সন্ত্রাসীদের গ্রেফতার ও বিচার দাবী করেন। খবর সংবাদ বিজ্ঞপ্তির।